

# নিউ ইয়ার

গোপাল কৃষ্ণ ঘোষ

সন্ত্রাসবাদ

প্রশাসন

নিয়ম - কানুন

নড়ন - চরন।

মারণ দূষণ

বান্ডাবাদ

বাড়ছে বয়স

রাজনীতি

কমছে জোশ

জিন্দা থাক

ধর্ষকাম

করছে ফোস।

বন্ধ্যা সময়

মধ্যরাত

মন্দা বাজার

মদের জুলন

অর্থনীতি

নাইটক্লাবে

লোভের মার।

পাপস্থলন।

ধ্বংস পথ

বন্ধ চোখ

তবুও কাল

সকাল হোক।

# মতিভ্রম

গোপাল কৃষ্ণ ঘোষ

দিন আসে দিন যায়

কিছু দাগ মুছে যায়

কিছু দাগ এঁকে যায় সময়।

কিছু কথা কিছু স্মৃতি

কিছু ছেঁড়া অনুভূতি

মনের গভীরে ক্রমে জমা হয়।

এইটুকু সম্বল করে

অলীক সুখের ঘোরে

যতটা নিখুঁত সন্তুষ্ট চলে অভিনয়

যতক্ষণ না মেহের আলি

স্মন্দচোখে ছেটাবে বালি

ঘোর ভাঙ্গিয়ে বলবে “সব ঝুট হ্যায়”।

আজ এই গভীর প্রশ্নাস

নাকি কাল মৃত্যুর আশ্বাস

কোনটা বেশী সত্য - সন্ধান তখন

যতটা নির্ভুল ব্রহ্মাণ্ড তত্ত্ব

তার চেয়েও বড় সত্য

মাঝারাতে ল্যাম্পপোষ্ট জড়িয়ে

মাতালের ক্রন্দন।

সারাটা দিনের সবটুকু গ্লানি

সঞ্চয় - ব্যয়ের দিনের হিসেবখানি

মিশে থাকে সেই কানার জলে

তবুও এড়াই তা মিথ্যা অজুহাতে

প্রাণপনে চাই শুধু ওপরে তাকাতে,

মনে মনে ভেবে নিই তারাদের দলে।

তবুও কোন এক মুঞ্চ আকাশে

জ্বলজ্বলে তারাও মৃত হয় - পড়ে খসে

চমকে চোখ নেমে আসে চারপাশে,

তখনই উপলব্ধি হয়, নিঃবুম রাতে

আমিও দিকব্রষ্ট মাতাল নির্জন পথে

তখন প্রলাপ শুরু হিসেবেরখাতা খুলে বসে।